সময় নির্ধারিত

unesco

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং- ৩৭.২৬.০০০০.১১৬.৯৯.০০৩.২৪- ৫৬৫ (১২)

তারিখ: ৩১শে ভাদ্র ১৪৩১
১৫ই সেপ্টেম্বর ২০২৪

**বিষয়: 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২৫-এর প্রস্তাব আহ্বান' ও 'International Mother Language Award 2025'-এর আবেদনপত্র/প্রস্তাব আহবানের সময়সীমা বৃদ্ধিসংক্রান্ত বিজ্ঞপ্তি দুটি বহুল প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২৫-এর প্রস্তাব আহ্বান' ও 'International Mother Language Award 2025'-এর আবেদনপত্র/প্রস্তাব গ্রহণের সময়সীমা **১৫ই সেপ্টেম্বর ২০২৪** থেকে বর্ধিত করে **৩০শে অক্টোবর ২০২৪** পর্যন্ত করা হয়েছে (বিজ্ঞপ্তি সংযুক্ত)। এ পরিপ্রেক্ষিতে সময়সীমা বৃদ্ধির বিজ্ঞপ্তি দুটি বহুল প্রচারের লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে অবিলম্বে আপলোড করা প্রয়োজন।

০২। বর্ণিত অবস্থায়, এতদ্‌সঙ্গে সংযুক্ত 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২৫-এর প্রস্তাব আহ্বান' ও 'International Mother Language Award 2025'-এর আবেদনপত্র/প্রস্তাব গ্রহণের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি দুটি আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** ১. আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২৫-এর প্রস্তাব আহ্বান এর কপি।
২. আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২৫-এর প্রস্তাব আহ্বান এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি।
৩. Application/proposal for International Mother Language Award 2025- এর কপি।
৪. Application/proposal for International Mother Language Award 2025- এর এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

১৫/০৯/২৪
(মোঃ আজিহারুল আমিন)
পরিচালক (যুগ্মসচিব) রুটিন দায়িত্ব
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
ফোন: ০২-৮৩৯১৩৪৬
ই-মেইল: imli.moebd@gmail.com

**বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. চেয়ারম্যান, ইউজিসি, আগারগাঁও, ঢাকা;
দৃঃআঃ সিনিয়র সিস্টেম/সিস্টেম এনালিস্ট, ইউজিসি, আগারগাঁও, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
দৃঃআঃ সিনিয়র সিস্টেম/সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, নায়েম, ঢাকা;
দৃঃআঃ সিনিয়র সিস্টেম/সিস্টেম এনালিস্ট, নায়েম, ঢাকা;

৪. মহাপরিচালক, ব্যানবেইস, ঢাকা;

দৃঃআঃ সিনিয়র সিস্টেম/সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস, ঢাকা;

৫. ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন;

দৃঃআঃ প্রোগ্রাম অফিসার (আইসিটি), বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা;

৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;

**অনুলিপি:**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.imli.gov.bd

স্মারক নং- ৩৭.২৬.০০০০.১১৬.৯৯.০০৩.২৪- ৫৫৮

তারিখ ২৮ ভাদ্র ১৪৩১
১২ সেপ্টেম্বর ২০২৪

**আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২৫-এর প্রস্তাব আহ্বান**

## সংশোধিত বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর ৩৭.২৬.০০০০.১১৪.২৩.০০১-৪৯৮ স্মারকে ১৬/০৭/২০২৪ খ্রি. তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২৫ এর আবেদন/প্রস্তাব প্রেরণের সময়সীমা ১৫/০৯/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করে বিজ্ঞাপন দেয়া হয়। অনিবার্য কারণবশত: আবেদন/প্রস্তাব প্রেরণের সময়সীমা ১৫/০৯/২০২৪ খ্রি. তারিখ থেকে আগামী ৩০/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

(মোঃ আজহারুল আমিন)
সভাপতি
আন্তর্জাতিক মাতৃভাষা পদক বাছাই কমিটি
ও
পরিচালক (যুগ্মসচিব) রুটিন দায়িত্ব
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
টেলিফোন: +৮৮ ০২ ৮৩৯১৩৪৬
ইমেইল: imli.moebd@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং- ৩৭.২৬.০০০০.১১৪.২৩.০০১.২২- ৪৭৮ তারিখ: ১৬ই জুলাই ২০২৪

## আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২৫-এর প্রস্তাব আহ্বান

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫-এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক "আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২৫" (International Mother Language National Award 2025) এবং "আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক ২০২৫" (International Mother Language International Award 2025) প্রদান করা হবে।

২। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৪ ডিসেম্বর ২০১৯/০৯ পৌষ ১৪২৬-এর ৩৭.০০.০০০০.০৮২.২২.০০৫.১৬.১৫৫১ সংখ্যক পদক নীতিমালা প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয় পর্যায়ে ২ (দুই)-টি "আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২৫" (International Mother Language National Award 2025) প্রদানের জন্য বাংলাদেশী নাগরিক অথবা বাংলাদেশে অবস্থিত প্রতিষ্ঠান/সংস্থা-র নিকট থেকে নির্ধারিত ছকে (ছকটি ওয়েবসাইটের "আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯"-এর পরিশিষ্ট ক/খ অংশে পাওয়া যাবে) আবেদনপত্র/প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। উপর্যুক্ত নীতিমালা এবং ছকটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর ওয়েবসাইট www.imli.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

৩। উপরিউক্ত পদক নীতিমালা প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ৭.০-এ পদক প্রাপ্তির যোগ্যতা এবং অনুচ্ছেদ ৮.০-এ বর্ণিত নির্দেশনার আলোকে প্রাপ্তব্য আবেদনপত্র/প্রস্তাবাদি বিবেচনার জন্য পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট বরাবর আবেদনপত্র/প্রস্তাব-এর তিন প্রস্ত হার্ড কপি **১৫ই সেপ্টেম্বর ২০২৪** তারিখ বিকাল ৫:০০টার মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে/সরাসরি প্রেরণের অনুরোধ করা হলো এবং একই সঙ্গে আবেদনপত্র/প্রস্তাব-এর সফট কপি (এমএস ওয়ার্ড ও পিডিএফ আকারে) **imli.moebd@gmail.com** ই-মেইলে প্রেরণপূর্বক **imliaward2025@gmail.com** ই-মেইলে অনুলিপি প্রেরণ করতে হবে। **১৫ই সেপ্টেম্বর ২০২৪** তারিখ অফিস সময়ের পর প্রেরিত আবেদনপত্র/প্রস্তাব (হার্ড ও সফট কপি) কোনভাবেই গ্রহণ করা হবে না।

উল্লেখ্য, পদকের জন্য বিবেচ্য প্রার্থীর ডিসেম্বর ২০২৪ পর্যন্ত কর্মকৃতি এবং বিশেষ ক্ষেত্রে প্রাপক ব্যক্তির সমগ্র জীবনের বা প্রতিষ্ঠানের সার্বিক অবদান বিবেচনাযোগ্য হবে।

৪। ডাকযোগে প্রেরণের ঠিকানা:

**পরিচালক**
**আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)**
**শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি**
**১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।**

৫। পদকের মান

পদক হিসেবে ১৮ (আঠারো) ক্যারেট মানের ৩৫ (পঁয়ত্রিশ) গ্রাম ওজনের একটি স্বর্ণপদক (Gold Medal), সম্মাননাপত্র এবং ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা কিংবা চার লক্ষ টাকা সমমূল্যের ইউএস ডলার প্রদান করা হবে।

**৬। পদক প্রাপ্তির যোগ্যতা**

৬.১ বাংলাদেশে বিভিন্ন মাতৃভাষা সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে অবদান;

৬.২ মাতৃভাষাচর্চায় প্রমাণিত বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ);

৬.৩ মাতৃভাষার গবেষণায় বিশেষ অবদান;

৬.৪ মাতৃভাষার সংরক্ষণ, প্রমিতায়ন, পুনরুজ্জীবন এবং মাতৃভাষাচর্চার বিকাশে ডিজিটাল প্রযুক্তি উদ্ভাবনে বিশেষ অবদান;

৬.৫ বহির্বিশ্বে মাতৃভাষা প্রচার ও প্রসারে বিশেষ অবদান;

৬.৬ মাতৃভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত মৌলিক গ্রন্থাবলি বিদেশি ভাষায় অনুবাদে বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ);

৬.৭ বিদেশি ভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত গ্রন্থসমূহের বাংলা ভাষায় অনুবাদে বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ)।

**৭। আবেদন বা প্রস্তাবের জন্য বিবেচ্য বিষয়াদি**

৭.১ নির্ধারিত ছকে (পদক নীতিমালার ২০১৯ পরিশিষ্ট - ক/খ) এবং উল্লিখিত তারিখের মধ্যে আবেদনপত্র বা প্রস্তাবের ০৩ (তিন) কপি ফরম যথাযথভাবে পূরণ করে পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট বরাবর ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে/সরাসরি প্রেরণ করতে হবে এবং এর সফট কপি চাহিদা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে **imli.moebd@gmail.com** ই-মেইলে প্রেরণপূর্বক **imliaward2025@gmail.com** ই-মেইলে অনুলিপি প্রেরণ করতে হবে।

৭.২ আবেদনপত্রে/প্রস্তাবে অসত্য বা অসম্পূর্ণ তথ্য বা অস্পষ্ট বর্ণনা দিলে এবং অভিজ্ঞানপত্র/সনদ/প্রশংসাপত্র (টেস্টিমোনিয়াল/সার্টিফিকেট) সংযোজিত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

৭.৩ কোনো শ্রেণিতে (জাতীয় ও আন্তর্জাতিক) উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান খুঁজে পাওয়া না গেলে সেক্ষেত্রে পদক প্রদান সংশ্লিষ্ট বছরের জন্য স্থগিত থাকবে;

৭.৪ একই ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংস্থা 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক' প্রাপ্তির জন্য দ্বিতীয়বার বিবেচিত হবেন না;

৭.৫ এই পদক মরণোত্তর (posthumous) প্রদেয় নয়। কিন্তু প্রাপক হিসেবে নাম ঘোষণার পর কোনো ব্যক্তির মৃত্যু হলে তাঁর পক্ষে পরিবারের উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীদের মধ্য থেকে নির্ধারিত কেউ অথবা উত্তরাধিকারী/উত্তরাধিকারিণী না থাকলে উপযুক্ত কেউ তা গ্রহণ করতে পারবেন। এজন্য প্রচলিত নিয়মে প্রাপ্ত উত্তরাধিকার বা ওয়ারিশান সনদে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের/সংশ্লিষ্ট দূতাবাসের প্রতিস্বাক্ষর থাকতে হবে;

৭.৬ বাংলাদেশের নাগরিক স্বদেশে অবস্থানকালে পদক প্রাপকরূপে চূড়ান্তভাবে নাম ঘোষণার পর যদি বাংলাদেশের বাইরে গমন করেন অথবা সেখানে অবস্থান করেন এবং তাঁর পক্ষে বাংলাদেশে এসে পুরস্কার গ্রহণ সম্ভব না হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন (যদি থাকে) থেকে পদক গ্রহণ করতে পারবেন। তবে বিষয়টি আমাই কর্তৃপক্ষকে পূর্বে অবহিত করতে হবে। অনুরূপ ব্যবস্থা পদক প্রাপক হিসেবে নাম ঘোষণার পর মৃত ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সেক্ষেত্রে মৃত ব্যক্তির উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীর যথার্থতা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/ হাইকমিশন কর্তৃক যাচাইপূর্বক পদক প্রদান করা হবে। এ সংক্রান্ত পদক বিতরণ অনুষ্ঠান দূতাবাসে/ হাইকমিশনে অনুষ্ঠিত হবে এবং দূতাবাস/হাইকমিশন প্রধান পদক প্রদান করবেন।

৮। বিজ্ঞপ্তিটি নিম্নোক্ত ওয়েবসাইটসমূহে দেখা যাবে। অনিবার্য কারণে বিজ্ঞপ্তিটির কোনো প্রকার সংশোধন প্রয়োজন হলে সংশোধিত অংশও নিম্নোক্ত ওয়েবসাইটসমূহে আপলোড করা হবে।

www.shed.gov.bd, www.mopa.gov.bd, www.mofa.gov.bd, www.imli.gov.bd,
www.dshe.gov.bd, www.ugc.gov.bd, www.bncu.gov.bd, www.naem.gov.bd,
www.banbeis.gov.bd, www.en.unesco.org

১৬/০৭/২৪

(মোঃ আজহারুল আমিন)
পরিচালক (রুটিন দায়িত্ব)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
টেলিফোন: +৮৮ ০২-৮৩৯১৩৪৬
ই-মেইল: imli.moebd@gmail.com
imliaward2025@gmail.com

Government of the People's Republic of Bangladesh
Ministry of Education
Secondary and Higher Education Division
International Mother Language Institute (IMLI)
1/Ka, Segunbagicha, Dhaka-1000
www.imli.gov.bd

Memo No. 37.26.0000.116.99.003.24- ৫৮৯

Date: 12 September 2024

Application/proposal for International Mother Language Award 2025

## Time Extension Notice

The International Mother Language Institute (IMLI) has issued a circular for International Mother Language Award 2025 (Memo No. 37.26.0000.114.23.001-498; Date: 16/07/2024) fixing the deadline for sending application/proposal on 15th September 2024. Due to unavoidable circumstances the due date has been extended up to 30th October, 2024.

(Md. Azharul Amin)
Chair
International Mother Language Medal Selection Committee
&
Director (joint secretary), Routine Charge
International Mother Language Institute (IMLI)
Tel: +88 02 8391346
E-mail: imli.moebd@gmail.com

Government of the People's Republic of Bangladesh
Ministry of Education
Secondary and Higher Education Division
International Mother Language Institute (IMLI)
1/Ka, Segunbagicha, Dhaka-1000
www.imli.gov.bd

Memo No. 37.26.0000.114.23.001.22- ৫৯৩ Date: 16th July 2024

**Application/proposal for International Mother Language Award 2025**

Honorable Prime Minister ~~of the Government of the People's Republic of Bangladesh and the Chief Patron~~ of the Institute would kindly present the "International Mother Language National Award 2025" and "International Mother Language International Award 2025" on the Glorious Martyrs' Day and International Mother Language Day 2025.

2. Following the instructions of International Mother Language Award Guidelines notified (Memo No. 37.00.0000.082.22.005.16.1551; Date: 24 Dec 2019) with the approval of Secondary and Higher Education Division under Ministry of Education, applications or proposals from foreign nationals or institutions/agencies are being invited for "International Mother Language International Award 2025". Applications/proposals shall be sent in prescribed format for 2 (Two) awards in international category. Applicants are requested to download the prescribed formats in the appendices A/B and of the notification for International Mother Language Award Guidelines 2019 available on the website: www.imli.gov.bd.

3. Application/proposal would be processed in the light of Articles 7.0 (Eligibility for receiving the award) and 8.0 (Instructions for processing the applications or proposals) of the aforesaid "International Mother Language Award Guidelines 2019". Three hard copies of applications or proposals would be sent to the Director, International Mother Language Institute, either by hand or by post or by courier service, within 15th September, 2024. The application/proposal must reach the office on or before 15th September 2024 during Bangladesh office time (office time: 09:00am to 05:00pm). Right at the time of sending the hard copies, soft copy of the same would also be sent to the email address: imli.moebd@gmail.com and cc to imliaward2025@gmail.com

It is to be noted that the performance of the prospective awardee up to December 2024 and in special cases the total contributions of the awardee or institution would be taken into consideration.

4. For sending documents by post:

**Director**
International Mother Language Institute (IMLI)
Shahid Captain Mansur Ali Sarani
1/Ka, Segunbagicha, Dhaka-1000,

5. Value of Award

An 18 (eighteen) carat Gold Medal of 35 (thirty-five) grams along with a Certificate of Appreciation and USD Dollar equivalent to taka Four Lakhs would be conferred as awards.

6. Eligibility for the award

6.1 Contributions towards the protection, promotion and revitalization of mother languages;

6.2 Specially proven contributions towards the practice and culture of mother language (Published standard books would be submitted as evidence);

6.3 Special contributions towards the research of mother language;

6.4 Special contributions towards the innovation of digital technology with regard to the preservation, protection and revitalization of mother language;

6.5 Special contributions towards the publicity and spread of mother language and foreign language in the world;

6.6 Special contributions in the translation of literary works written in mother language and in the translation of original books on other discipline/subjects (Published standard books would be submitted as evidence);

6.7 Special contributions in the translation of books written in foreign language as well as in translation of books on other subjects into Bengali (Published standard books would be submitted as evidence).

7. Instructions to be followed for processing the applications or proposals

7.1 Three (03) copies of application or proposal filled in duly in prescribed format (available in the appendices A/B of International Mother Language Award Guidelines 2019) shall be sent to the Director, International Mother Language Institute, either by hand or by post or by courier service, within the specified time stated above. Soft copy of the same shall also be sent to the email address imli.moebd@gmail.com with a copy to imliaward2025@gmail.com.

7.2 Applications or Proposals shall be 'rejected' in case of providing any false or incomplete information or indistinct/vague statement in the application/proposal, as well as due to the failure of properly enclosing the certificates/testimonials;

7.3 Conferment of International Mother Language Award in any category (National and International) shall remain 'postponed' for the concerned year unless the competent person/institution is found;

7.4 The same person or institution/agency shall not be eligible for 'International Mother Language Award' for the second time;

7.5 This award shall not be conferred posthumously. In case of the death of the person after being nominated for the award, the selected successor among the heirs or heiresses, upon the submission of succession certificate duly countersigned either by Deputy Commissioner or by Ambassador/High Commissioner, or having no heirs or heiresses an appropriate person would receive the award on his/her behalf.

8. This notification would be available on the following websites. For unavoidable circumstances, in case of any correction of the notification particular portion shall be uploaded on the following websites.

www.shed.gov.bd, www.mopa.gov.bd, www.mofa.gov.bd, www.imli.gov.bd,
www.dshe.gov.bd, www.ugc.gov.bd, www.en.unesco.org, www.naem.gov.bd
www.bncu.gov.bd

১৬/০৭/২৪


(Md. Azharul Amin)
Director (Routine Charge)

International Mother Language Institute (IMLI)
1/ka, Segunbagicha, Dhaka-1000, Bangladesh
Tel: +88 02 8391346
e-mail: imli.moebd@gmail.com
imliaward2025@gmail.com